# রামগতি পৌরসভা কার্যালয়

রামগতি,লক্ষ্মীপুর।

স্থাপিত-২০০০খ্রিঃ

ই-মেইলঃ ramgatipourashova@gmail.com


স্মারক নং-রাপৌ/২০২৩- তারিখঃ ১৭/১২/২০২৩ খ্রিঃ

সভা নং-০৬

টাউন লেভেল কো-অডিনেশন কমিটি (TLCC) সভার কার্য বিবরণীঃ

সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র ও সভাপতি, টাউন লেভেল কো-অডিনেশন কমিটি ,রামগতি পৌরসভা,লক্ষ্মীপুর।

তারিখ: ১৭/১২/২০২৩খ্রিঃ

সময়: বেলা ১১.০০ ঘটিকা

স্থান: পৌরসভা সভাকক্ষ

সভার উপস্থিতি:

| ক্রমিক নং | নাম, পদবী ও ঠিকানা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা। | সভাপতি | স্বাক্ষরিত |
| **কাউন্সিলর সদস্য (১২ জন):** | | | |
| ২ | জনাব গীতা রানী দাস, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ১,২ ও ৩ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | জনাব আকলিমা বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ৪,৫ ও ৬ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | জনাব নাছিমা বেগম, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ৭,৮ ও ৯ নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | জনাব, মোঃ জয়নাল আবেদীন, কাউন্সিলর, ১নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | জনাব তাপস চন্দ্র দাস, কাউন্সিলর, ২নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৭ | জনাব নিজাম উদ্দিন, কাউন্সিলর, ৩নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৮ | জনাব মোঃ নুর নবী, কাউন্সিলর, ৪নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ৯ | জনাব শাহাদাত হোসেন, কাউন্সিলর, ৫নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোহাম্মদ নেছার উদ্দিন, কাউন্সিলর, ৬নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার, কাউন্সিলর, ৭নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ছৈয়দ মুর্তাজা আল আমীন, কাউন্সিলর, ৮নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব ফারুকুল ইসলাম বাবলু, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| **সদস্য সচিবঃ** | | | |
| ১৪ | জনাব মোঃ কামরুল হাসান, সহকারী প্রকৌশলী, রামগতি পৌরসভা। | সদস্য-সচিব | স্বাক্ষরিত |
| **সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসন, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপদ অধিদপ্তর, গনপুর্ত, সমাজসেবা, সমবায়, বনবিভাগ, টিএন্ডটি) ০৮ জন-** | | | |
| ১৫ | উপ পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, লক্ষ্মীপুর। | সদস্য | ------ |
| ১৬ | জনাব মোঃ শাহ আলম, সহকারী প্রকৌশলী, রিজোনাল কানেক্টিং ইমপ্রুভমেন্ট প্রজেট, বাংলাদেশ লেন্ড পোট অর্থরিটি (BLPA), | সদস্য | ------- |
| ১৭ | জনাব মোঃ আবদুর রহিম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি,রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | ------- |
| ১৮ | জনাব মোঃ মাসুদ, সমাজ সেবা কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | ----- |
| ১৯ | জনাব মোঃ উল্যা চৌধুরী, পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ২০ | জনাব আবদুল বাছেত পাটওয়ারী, রেঞ্জ কর্মকর্তা, বন বিভাগ, রামগতি, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ২১ | জনাব তানভীরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ২২ | জনাব শিউলি আক্তার, মহিলা বিষয়ক কর্মকর্তা, মহিলা অধিদপ্তর, রামগতি। | সদস্য | ----- |
| ২৩ | মোঃ কামরুল হাসান,সচিব, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষরিত |
| **নাগরিক সমাজের প্রতিনিধি (১২ জন)** | | | |
| ২৪ | জনাব সামছুল বাহার খন্দকার, সভাপতি, আলেকজান্ডার বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব আলহাজ জাহাঙ্গীর আলম তালুকদার, সাধারন সম্পাদক, আলেকজান্ডার বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | ----- |
| ২৬ | জনাব সলিল মজুমদার, বিশিষ্ট ব্যাবসায়ি, জমিদার হাট বাজার উন্নয়ন কমিটি, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মাহমুদা বেগম, সাবেক মহিলা কাউন্সিলর, রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর। | সদস্য | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃরেজাউল হক, সংবাদিক, সভাপতি প্রেসক্লাব, রামগতি। | সদস্য | স্বাক্ষরিত |
| ২৯ | রিনা আক্তার, প্রভাষক, ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজ, রামগতি। | সদস্য | ----- |
| ৩০ | জনাব রিয়াজ রহমান, প্রধান শিক্ষক, আলেকজান্ডার পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়। | সদস্য | স্বাক্ষরিত |

| | | | |
|---|---|---|---|
| ৩১ | জনাব মোঃ মফিজ, প্রধান শিক্ষক, চর সেকান্দর সফিক একাডেমি। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩২ | জনাব আজিজুল ইসলাম ফিরোজ, সাবেক প্রধান শিক্ষক,আলেকজান্ডার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩৩ | জনাব রাবেয়া সুলতানা রিথী, সহকারী শিক্ষক, দঃ পূর্ব চরসীতা বে-সরকারি প্রাথমিক বিদ্যালয়, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩৪ | জনাব পপি রানী কর্মকার, সহকারী শিক্ষক, আলেকজান্ডার মডেল বালিকা উচ্চ বিদ্যালয়, রামগতি। | সদস্য | ----- |
| ৩৫ | বাবু কনক দাস, বিশিষ্ট ব্যবসায়ি ও সমাজ সেবক, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |

**পেশাজীবী প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবী, ব্যবসায়ী, চিকিৎসক) ০৫ জনঃ**

| | | | |
|---|---|---|---|
| ৩৬ | জনাব এস এম শামীম, বিশিষ্ট ব্যবসায়ী, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩৭ | জনাব মুজাহিদ উদ্দিন (সৈকত), অগ্রণী ব্যাংক লিঃ, রামগতি শাখা, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৩৮ | বাবু মোঃ আমির হোসেন, সাবেক শিক্ষক, রামগতি পৌরসভা, লক্ষ্মীপুর। | সদস্য | ----- |
| ৩৯ | বাবু মৃনাল নাথ, সাধারণ সম্পাদক, হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদ, রামগতি । | সদস্য | স্বাক্ষররিত |
| ৪০ | কারিমুন নেছা, প্রভাষক, ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজ, রামগতি। | সদস্য | স্বাক্ষররিত |

**এনজিও প্রতিনিধি (০৪ জন)**

| | | | |
|---|---|---|---|
| ৪১ | জনাব জেবুন নাহার, সমন্বয়কারী, এন.আর.ডি.এস, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪২ | জনাব গুলশান সুলতানা, স্কুল মোবিলাইজার, ডরপ, রামগতি,লক্ষ্মীপুর। | সদস্য | ----- |
| ৪৩ | নারগিস আক্তার, সমন্বয়কারী, কোডেক, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪৪ | স্বপ্না রানী দাস, অঞ্চল সমন্বয়কারী, নিজেরা করি, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |

**শহরের দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি (০৭ জন)**

| | | | |
|---|---|---|---|
| 4৪৫ | মিতা রানী মজুমদার, চরসীতা, ওয়ার্ড নং-০১, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪৬ | রিন্টি রানী দাস, চর ডাক্তার, ওয়ার্ড নং-০২, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪৭ | সুলতানা বেগম,শিক্ষা গ্রাম, ওয়ার্ড নং-০৮, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪৮ | শাহিদা বেগম, শিক্ষাগ্রাম, ওয়ার্ড নং-০৮, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৪৯ | কানিজ ফাতেমা, আলেকজান্ডার, ওয়ার্ড নং-০৭, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |
| ৫০ | জনাব নুর নবী কোম্পানী, সবুজ গ্রাম, ওয়ার্ড নং-০৬, রামগতি পৌরসভা। | সদস্য | স্বাক্ষররিত |

শহর সমন্বয় কমিটির সভাপতি সভার শুরুতে সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভার শুরুতে পবিত্র কুরআন হইতে তেলোয়াত করেন TLCC কমিটির সম্মানিত সদস্য জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮ এবং পবিত্র গীত পাঠ করে TLCC কমিটির সম্মানিত সদস্য ও রামগতি পৌরসভার সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর জনাব গীতা রানী দাস। এরপর আলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাপতি উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসানকে অনুরোধ করেন।

| সূচী নং | আলোচ্য বিষয় | `আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ | সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী বিগত সভার কার্য্য বিবরণী পাঠ করে শুনান এবং এতে কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন। | বিগত ২০/০৯/২০২৩ তারিখের সভার কার্য্য বিবরণীতে কোন ধরনের সংযোজন-বিয়োজন না থাকায় সভার সম্মতিক্রমে তা অনুমোদন হয়। |
| ০২ | পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, পৌরসভায় মশক নিধনের জন্য জাতীয় নির্দেশনা মোতাবেক ওয়ার্ড ভিত্তিক কমিটি গঠন করা হয়েছে। ইতিপূর্বে তারই ধারা বাহিকতায় কার্যক্রম ও পরিচালনা করা হচ্ছে। তিনি পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধনে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>সভাপতি বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন। শহর সমন্বয় কমিটির সদস্য (TLCC) ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী জনাব তানভীরুল ইসলাম সভায় জানান যে, মশক নিধনের জন্য জরুরী প্রয়োজন জনবহুল ও শিক্ষা প্রতিষ্ঠানের আশপাশের ডোবানালা এলাকা পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে এবং এর পর ডেঙ্গু মশার লাভা নিধনে কার্যকর মশার ঔষদ প্রয়োগ করতে হবে। তিনি বিশেষ করে হাসপাতাল, উপজেলা কমপ্লেক্স ও বিভিন্ন সেবা মূল্যক প্রতিষ্ঠানের জরুরী ভিত্তিতে ড্রেন গুলো পরিষ্কার করে মশার ঔষধ প্রয়োগ করা জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি মহোদেয় সভার সম্মতিক্রমে ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে উত্থাপিত বিষয় সমূহ রেজুলেশন আকারে পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সদস্য সচিব মোঃ কামরুল হাসানকে নির্দেশক্রমে অনুরোধ করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | শহর সমন্বয় কমিটির সদস্য (TLCC) ও জমিদার হাটবাজারের বিশিষ্ট ব্যবসায়ী এবং বাজার উন্নয়ন কমিটির সদস্য জনাব সলিল মজুমদার সভায় জানান যে, জমিদার হাটবাজার সংলগ্ন কুমার খাল ও বাজারের ড্রেনেজ ব্যবস্থায় পরিষ্কার ও চরসীতা তোরাব আলী উচ্চ বিদ্যালয়ের আশপাশের ডোবানালা জরুরী ভিত্তিতে পরিষ্কার করে মশার ঔষধ প্রয়োগ করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>শহর সমন্বয় কমিটির সদস্য (TLCC) ও ডাঃ তোফহা-ই-আইউব মহিলা কলেজের প্রভাষক রিনা আক্তার সভায় জানান যে, ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে এখনেই কঠোর পদক্ষেপ না নেওয়া হলে বিভিন্ন অঞ্চলের মতো রামগতি পৌরসভাতে ডেঙ্গু মশার প্রাদুর্ভাব বেড়ে যেতে পারে। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| ০৩ | পৌরসভার আওতাধীন ব্যাটারী চালিত রিক্সা, অটোরিক্সা, মিশুক নিয়ন্ত্রণে ট্রেড লাইসেন্স প্রদান সম্পর্কে আলোচনাঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, রামগতি পৌরসভার আওতাধীন হাটবাজার ও সড়ক সমূহে প্রয়োজনের অনুপাতে বেশী সংখ্যক ব্যাটারী চালিত রিক্সা, অটোরিক্সা, মিশুক চলাচল করে। বিভিন্ন সময়ে রাস্তা ঘাটে যানজট সৃষ্টি করে। ইতিপূর্বে ব্যবসায়ীক লাইসেন্স প্রদানে উদ্যোগ গ্রহণ করা হলে ও আশানুরূপ সাড়া পাওয়া যায়নি। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতে মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, রামগতি পৌরসভায় যে হারে চালিত ব্যাটারী রিক্সা, অটোরিক্সা, মিশুক চলাচল করে এত পৌরসভার সড়কে চলাফেরা করা খুবেই বিপদজনক। এখনেই এদের কে নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা না গেলে শহরে যানজট মহামারী আকারে ধারন করবে এবং যত্রতত্র এক্সিডেন্ট ঘটবে। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও স্কুল মোবিলাইজার, ডরপ এর সদস্য জনাব গুলশান সুলতানা সভায় জানান যে, পৌর এলাকার ব্যাটারী চালিত রিক্সা, অটোরিক্সা, মিশুক চলাচলে পৌর কর্তৃপক্ষ কর্তৃক নীতিমালা প্রনয়ণ করা প্রয়োজন। তা না হলে এই ধরনের যান্ত্রিক যানবাহন সাধারণ জনগণ ও স্কুলগামী শিক্ষার্থী বিপদগ্রস্থ হতে পারে। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি মহোদেয় সভার সম্মতিক্রমে পৌর এলাকার যানবাহনে শৃংখলা ফিরিয়ে আনার লক্ষ্যে অদ্য সভায় উত্থাপিত বিষয় সমূহ রেজুলেশন আকারে পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপনের জন্য সদস্য সচিব মোঃ কামরুল হাসানকে নির্দেশক্রমে অনুরোধ করেন। |
| ০৪ | উন্নয়ন মূল্যক আলোচনাঃ<br><br>(ক) ADP-দ্বারা উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, পৌরসভায় ADP, LGCCRP, BMWSSP ও IUDIP - প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি উক্ত কাজ সঠিক ভাবে বাস্তবায়নে সবাইকে সর্বাত্মক ভাবে সহযোগিতা করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে ADP আওতায় ২নং ওয়ার্ডে কিছু কিছু ছোট খাটো সড়ক নির্মাণ করা যায় কিনা সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সংরক্ষিত-১ আসনের কাউন্সিলর একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ জনাব শাহাতাৎ হোসেন সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের ADP আওতায় পৌরসভার সকল ওয়ার্ডের সংযোগ সড়ক গুলো আনুপাতিক হারে নির্মাণ করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি সভার সম্মতিক্রমে ADP-দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহনে উত্থাপিত বিষয় সমূহ পৌর পরিষদের মাসিক সভায় রেজুলেশন আকারে প্রেরণ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। |

| | | | |
|---|---|---|---|
| | | TLCC- কমিটির সদস্য ও আলেকজান্ডার বাজার উন্নয়ন কমিটির সভাপতি জনাব সামছুল বাহার খন্দকার সভায় জানান যে, আলেকজান্ডার বাজারের গলি সড়কগুলো প্রায় ২০ বছর পূর্বে নির্মাণ করা হয়েছিলো। ইতিপূর্বে রাস্তা গুলো বেশ কিছু অংশ ক্ষতিগ্রস্থ হয়েছে। জরুরী ভিত্তিতে সড়ক গুলো নির্মাণ ও পূননির্মাণ করা প্রয়োজন। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও দরিদ্র জন গোষ্টির প্রতিনিধি জনাব সুলতানা বেগম সভায় জানান যে, দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে কোন প্রকল্প গ্রহন করা যায় কিনা এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | |
| | (খ) LGCRRP-প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, LGCRRP- প্রকল্পের আওতায় আলেকজান্ডার কিচেন মার্কেট নির্মাণ প্রকল্পটি দুত বাস্তবায়নের নিমিত্তে বাজার পরিচালনা কমিটিসহ সবাইকে আন্তরিক ভাবে সহযোগিতা করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও নাগরিক সমাজেজর প্রতিনিধি সাংবাদিক ও রামগতি প্রেস ক্লাবের সভাপতি জনাব মোঃ রেজাউল হক সভায় জানান যে, বাজারে সৌন্দর্য বজায় রাখার লক্ষ্যে ও ব্যবসায়ীক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য পৌরসভার কিচেন মার্কেট ও সুপার মার্কেট নির্মাণ খুবেই গুরুত্বপূর্ন। তিনি দুত সঠিকভাবে কাজের গুণগত মান বজায় রেখে মার্কেটের কাজটি সম্পন্ন করার জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি সভার সম্মতিক্রমে LGCRRP- প্রকল্প দ্বারা বাস্তবায়িত কাজের গুণগত মান বজায় রেখে আলেকজান্ডার কিচেন মার্কেটর কাজটি সম্পন্ন করার বিষয় সমূহ পৌর পরিষদের মাসিক সভায় রেজুলেশন আকারে প্রেরণ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। |
| | (গ) BMWWSSP-প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে আলোচনাঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, BMWWSSP-প্রকল্পের আওতায় বান্ধ প্যাকেজের কাজ প্রায় শেষ পর্যায়ে। ইতিমধ্যে Over Head Tank, Transmition Line, ওয়াটার রিজার্ভার ৩টি প্রোডাকশান টিউবওয়েল ও ৩টি পাম্প হাউজ, ট্রাসমিশন লাইনের প্রোডাক্টটিব ওয়াল, Admin ভবনের রিটারনিং ওয়ালের কাজ সম্পন্ন হয়েছে। এবং পৌর সভার কমপ্লেক্স এরিয়ার সড়কের কাজ চলমান রয়েছে। এছাড়া ড্রেনের কাজ ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের চলমান আছে।তিনি উক্ত বিষয়টি নিয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে সবাইকে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে,ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের কাজ শুরু করার পূর্ব থেকে আমি গ্রাহকদের কাছ থেকে সংযোগ আবেদন ফি'র টাকা সংগ্রহ করেছি। এবং সবচেয়ে বেশি টাকা ৯নং ওয়ার্ড থেকে সংগৃহীত হয়েছে। এখন নাকি ৯নং ওয়ার্ডে ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের কাজ যাবে না। এমতাবস্থায় এই ধরনের বার্তা খুবেই দুঃখজনক। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ৬নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ নেছার উদ্দিন সভায় জানান যে, ৬নং ওয়ার্ডের অংশ বিশেষে ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের স্থাপনের কাজ হয়েছে। বাকী অংশের কাজ করা হয়নি। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, ৪,৫ ও৬নং ওয়ার্ডের বেশ কিছু গুরুত্বপুন সড়কের আশেপাশে ডিষ্ট্রিবিউশন পাইপ লাইনের কাজ করেনি। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | সভাপতি সভার সম্মতিক্রমে BMWWSSP- প্রকল্প দ্বারা বাস্তবায়িত কাজগুলোর দুত বাস্তবায়ন করার সিদ্ধান্তসমূহ পৌর পরিষদের মাসিক সভায় রেজুলেশন আকারে প্রেরণ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন। |

| | | | |
|---|---|---|---|
| | (ঘ) IUIDP-প্রকল্পের মুক্তিযোদ্ধা সফিক মেম্বার সড়কের কাজ বাস্তবায়ন প্রসঙ্গেঃ | TLCC- কমিটির সদস্য সচিব জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, গুরুত্বপুর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় রামগতি পৌরসভার ০৪নং ওয়ার্ডের “মুক্তিযোদ্ধা সফিক মেম্বার” সড়ক (Ch00m-463m) টি ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২৩.১৪.৬২.১৮.৮১৫ স্মারক মূলে অনুমোদন দেওয়া হয়। এমতাবস্থায় প্রকল্পটি বাতিল করে নতুন রেইট সিডিউল অনুসারে প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে দাখিল করার জন্য নির্দেশনা দিয়েছিলো। তিনি বিষয়টি নিয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ নুরনবী সভায় জানান যে, প্রকল্পটি ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২৩.১৪.৬২.১৮.৮১৫ স্মারক মূলে অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটি খুবেই গুরুত্বপুর্ণ। তিনি প্রকল্পের কাজটি দ্রুত বাস্তবায়নের স্বার্থে পূর্বের প্রকল্পটি বাতিল করে নতুন প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদন নিয়ে দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও সংরক্ষিত মহিলা কাউন্সিলর-০২ (৪,৫,৬নং ওয়ার্ড) ও প্যানেল মেয়র-০৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, প্রকল্পটি খুবেই গুরুত্বপুর্ন। প্রকল্পটি সুপির হাট সড়ক ও সাহাপাড়া সড়কের সংযোগ সড়ক হওয়ায় এই সড়ক দিয়ে প্রতিনিয়ত হাজার হাজার মানুষ, যানবাহন ও বিভিন্ন স্কুল-প্রতিষ্ঠানগামী ছাত্র/ছাত্রী চলাচল করে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য পূর্বের প্রাক্কলন বাতিল করে হলেও নতুন প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও ৫নং ওয়ার্ডে কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, প্রকল্পটি ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.৯২৩.১৪.৬২.১৮.৮১৫ স্মারক মূলে অনুমোদন দেওয়া হয়। প্রকল্পটি খুবেই গুরুত্বপুর্ণ। বর্তমানে যে কোন প্রক্রিয়ায় হোক না কেন প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন। | মেহর মহোদয়র উপস্থিত সভার সিদ্ধান্তক্রমে ০৮/১২/২০২১খ্রিঃ তারিখের অনুমোদনকৃত প্রকল্পটি বাতিল করে বরাদ্দের পরিমাণ ঠিক রেখে প্রয়োজনে Length-কমিয়ে নতুন রেইট সিডিউল অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ করেন। |
| ০৫ | **বাংলাদেশ সরকার, ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন Result Based Lending (RBL) ভাব ধারার “নগর পরিচালনা ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)” এর আওতায় Disbursement Linked Indication (DLI) ভিত্তিক Urban Governance Improvement Action Plan (UGIAP) কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গেঃ** | TLCC- কমিটির সদস্য সচিব ও রামগতি পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, বাংলাদেশ সরকার, ADB এবং AFD সহায়তায় বাস্তবায়নাধীন Result Based Lending (RBL) ভাব ধারার “নগর পরিচালনা ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে পৌরসভার সম্মতি ও অঙ্গিকার বিষয়ে প্রেরিত সংযুক্ত-১ ছক ও সংযুক্ত-২ ছক উপস্থিত সবাইকে অবহিত করেন এবং তা বিতরণ করেন। তিনি বলেন উক্ত সংযুক্তি ছক বাস্তবায়ন করা বাধ্যতামূলক এবং প্রকল্পে অন্তর্ভুক্ত পৌরসভাকে Disbursement Linked Indication (DLI) ভিত্তিক Urban Governance Improvement Action Plan (UGIAP) কার্যক্রম বাস্তবায়নে TLCC ও পৌর পরিষদের মাসিক সভার সম্মতি ও আগ্রহের বিষয়টি রয়েছে কিনা সে বিষয়ে প্রকল্প অফিসকে অবহিত করতে হবে। অন্যথায় IUGIP কার্যক্রম বাস্তবায়নে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার ব্যতিরেখে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজ গ্রহন এবং প্রকল্পে অর্থ বরাদ্দ দেয়া যাবে না। উক্ত বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>সভাপতি মহোদয় বিষয়টি নিয়ে TLCC-সভায় আলোচনা করার জন্য অনুরোধ করেন।<br>TLCC- কমিটির সদস্য ও ৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, দীর্ঘদিনের চেষ্টা ও প্রচেষ্টার ফসল IUGIP প্রকল্প। উক্ত প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আমাদের চেষ্টার কোন কমতি ছিলো না। অবশেষে প্রকল্পে অন্তর্ভুক্ত হওয়ার প্রায় ১বছর পর হলে ও বর্তমানে প্রকল্পের কাজের অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে। তিনি PDP অনুযায়ী প্রকল্পের কাজ সুষ্ঠ ভাবে বাস্তবায়নে যে কোন ধরনের সম্মতি ও আগ্রহ রয়েছে। তিনি এই বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একম পোষণ করেন। | **সভাপতি মহোদয় সভার সম্মতিক্রমে IUGIP- প্রকল্প কর্তৃক আরোপিত সকল শর্তসমূহ যথাযথ ভাবে পালন করার সম্মতি ও আগ্রহ এবং সিদ্ধান্ত গ্রহণ করে রেজুলেশন আকারে পৌর পরিষদের মাসিক সভার উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন।** |

| | | | |
|---|---|---|---|
| | | TLCC- কমিটির সদস্য ও সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি জনাব মোঃ তানভীরুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রামগতি সভায় জানান যে, পৌরসভার সুপরিচালনা ও দক্ষতাবৃদ্ধির জন্য সংযুক্তি ছক-২টি শর্তাবলী বাস্তবায়ন অপরিহার্য্য। তিনি উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহ সভাপতিকে অবহিত করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও মহিলা কাউন্সিলর নাছিমা বেগম সভায় জানান যে, IUGIP-প্রকল্পের শর্তাবলী বাস্তবায়ন করা হলে, নাগরিক সচেতনতা এবং অংশগ্রহন, নগর পরিকল্পা, নারী এবং দরিদ্র জনগোষ্ঠীর সমতা এবং অন্তর্ভুক্তিকরণ, স্থানীয় সম্পদ আহরন বৃদ্ধি, আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা এবং দায়িত্বশীলতা, রক্ষণাবেক্ষন(O&M) এবং ব্যবস্থাপনা, Inventory-কৃত সকল সড়ক, মার্কেট, ড্রেন, কালভার্টসহ সকল ভৌত ও পূর্ত কাজের তালিকা অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করণ এবং প্রয়োজনীয় পরিসেবাগুলি স্বচ্ছতা ও জবাবদীহিতার আওতায় আনাহলে পৌরসভার সকল কার্যক্রম বাস্তবায়ন সম্ভব হবে এবং পৌরবাসী নাগরিক সুবিধা পাবে। তিনি উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহের কথা সভাপতিকে অবহিত করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও পেশাজীবি প্রতিনিধি জনাব কারিমুন নেছা, প্রভাষক, ডাঃ তোহফা-ই-আইয়ুব মহিলা কলেজ সভায় জানান যে, IUGIP-প্রকল্পের শর্তাবলী সঠিক ভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে এবং সকল কাজ শর্তাবলীর আলোকে বাস্তবায়ন করা হলে রামগতি পৌরসভা একটি মডেল পৌরসভা হিসেবে পরিচিত হবে। তিনি উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহের বিষয়ে সভাপতিকে অবহিত করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একম পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও এনজিও প্রতিনিধি জনাব গুলশান সুলতানা, স্কুল মবিলাইজার, ডরপ সভায় জানান যে, সভায় জানান যে একটি পৌরসভার ভৌত ও পূর্ত এবং সামাজিক অবকাঠামোগত উন্নয়নে উক্ত শর্তাবলী বাস্তবায়নে অপরিহার্য। তবে উক্ত প্রকল্পে শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়নের বিষয়ে তেমন কিছু উল্লেখ না থাকায় দুঃখ প্রকাশ করেন। এছাড়া উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহের বিষয়ে সভাপতিকে অবহিত করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একম পোষণ করেন।<br><br>TLCC- কমিটির সদস্য ও দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি জনাব মিতা রানী মজুমদার সভায় জানান যে, দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে IUGIP-প্রকল্পের বস্তিবাসী ও খেটে খাওয়া মানুষদের জন্য অধীকতর টেকসই প্রকল্প গ্রহন করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া উক্ত বিষয়ে তার সম্মতি ও আগ্রহের বিষয়ে সভাপতিকে অবহিত করেন। তার উক্ত প্রস্তাবে সভাই একম পোষণ করেন। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
সভাপতি
টাউন লেভেল কো-অডিনেশন কমিটি (TLCC)
ও
মেয়র
রামগতি পৌরসভা,লক্ষ্মীপুর।